



كيف أدخل في الإسلام؟

আমি কিভাবে ইসলামে প্রবেশ করবো?

تحت إشراف: دكتور هيثم بن محمد سرحان
المدرس بمعهد الحرم بالمسجد النبوي - سابقا - والمشراف على
معهد السنة

সার্বিক তত্ত্বাবধানে: ড. হাইছাম বিন মুহাম্মাদ সারহান

প্রাক্তন শিক্ষক : মা'হাদ, মাসজিদে নবাবী

তত্ত্বাবধায়ক : মা'হাদুস সুন্নাহ

غفر الله له ولوالديه ولمن أعانه على إفراج هذا الكتاب

আল্লাহ তায়ালা তাকে, তার পিতা-মাতাকে ও যারা এই কিতাব প্রকাশে সহযোগিতা করেছেন সকলকে
ক্ষমা করুন

<https://www.alsarhaan.com>

اللغة البنغالية

বাংলা ভাষা

বাংলা ভাষায় অনুবাদকৃত সংক্ষিপ্ত পুস্তিকা:

«আমি কিভাবে ইসলামে প্রবেশ করবো?»

সংকলনে: (মহান রবের অনুগ্রহ প্রার্থী)

হাইছাম বিন মুহাম্মাদ সারহান

প্রাক্তন শিক্ষক: মাসজিদে নববীর মা'হাদ শাখা

পরিচালক: মা'হাদুস সুন্নাহ

<https://mahadsunnah.com/>

মহান আল্লাহ তা'য়ালা তাকে, তার পিতা-মাতাকে এবং এই পুস্তিকা প্রকাশে যারা তাকে
সহযোগিতা করেছেন সকলকে ক্ষমা করুন

প্রথম সংস্করণ:

সকল মুসলিমের জন্য বিষয়বস্তুর কোনরূপ পরিবর্তন ব্যতীত গ্রন্থস্বত্ব উন্মুক্ত



বিসমিল্লাহির রহমানির রহিম

প্রশ্ন:	উত্তর:
ইসলামে প্রবেশ করা কি সহজ?	হ্যাঁ, কেননা এক্ষেত্রে কোন মাধ্যম বা অনুষ্ঠানের প্রয়োজন হয় না।
আমি কি দ্রুতই ইসলাম গ্রহণের উদ্যোগ নিব? নাকি উপযুক্ত সময়ের জন্য বা কিছু সমস্যা সমাধান পর্যন্ত অপেক্ষা করবো?	অবশ্যই দ্রুত গ্রহণ করা উচিত। কেননা বিলম্ব করা কখনো কখনো বিপদের কারন হতে পারে, আপনি যেকোন সময় মৃত্যুবরণ করতে পারেন। পাশাপাশি ইসলাম গ্রহণ একটি লাভ জনক ব্যবসা, সুতরাং যতদ্রুত এই ব্যবসায় সংযুক্ত হবেন ততবেশি লাভবান হবেন।
যে ব্যক্তি ইসলাম গ্রহণ করতে চায় সে কি করবে?	সে শুধুমাত্র দুটি সাক্ষ্য প্রদান করে বলবে: ((আশহাদু আল্লা- ইলাহা ইল্লাল্লাহু, ওআশহাদু আন্বা মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু)) : «أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ».
এটা কোন ভাষায় পড়া লাগবে?	যে ভাষা ভালো পারে সে ভাষাতেই বলবে, এক্ষেত্রে আরবী ভাষায় বলা শর্ত নয়।
সে কি অর্থ না বুঝেই এটা পড়তে পারবে?	না, বরং অর্থ বুঝে সেটা বিশ্বাস করা ও সে অনুযায়ী আমল করা আবশ্যিক।
اشهد অর্থ কি ?	অর্থ হচ্ছে: আমি অন্তরে বিশ্বাস করছি, মুখে স্বীকৃতি দিচ্ছি, এবং অঙ্গ-প্রত্যঙ্গ দ্বারা এর চাহিদা অনুযায়ী আমল করবো।
لا إله إلا الله অর্থ কি ?	এর অর্থ হচ্ছে: আল্লাহ ব্যতীত কোন সত্য মাবুদ নেই।





প্রশ্ন:	উত্তর:
أَنْ مُحَمَّدًا عَبْدَهُ وَرَسُولَهُ অর্থ কি ?	এর অর্থ হচ্ছে: তিনি একজন বান্দা সুতরাং তার ইবাদাত করা যাবে না, এবং তিনি একজন রাসূল সুতরাং তাকে মিথ্যা প্রতিপন্ন করা যাবে না। এই সাক্ষ্য দ্বারা আবশ্যক হচ্ছে: তিনি যে সংবাদ দিয়েছেন তা বিশ্বাস করা, তার নির্দেশের আনুগত্য করা, তার নিষিদ্ধকৃত বিষয় সমূহ থেকে বিরত থাকা, তার সুন্নাহের অনুসরণ করা।
আমি ভালোভাবে অর্থ বুঝতে পেরেছি, এখন আমার করণীয় কি ?	এখন আপনি আমার সাথে সাথে পুনরাবৃত্তি করুন: «أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ».
আমি কি এখন মুসলিম?	হ্যা, আলহামদুলিল্লাহ, এটা আপনার উপর আল্লাহর অনুগ্রহ।
একজন মুসলিম হিসেবে এখন আপনি আমাকে কি উপদেশ দিবেন?	আমি আপনাকে উপদেশ দিব যে, আপনি আল্লাহর নিকটে দু'আ করুন, তিনি যেন আপনাকে তাঁর দ্বীনের উপর অটল রাখেন, আপনি উত্তম সাথী নির্ধারণ করুন যারা আপনাকে একাজে সহযোগিতা করবে, ইসলাম সম্পর্কে জ্ঞানার্জন করুন, আল্লাহর অনুগ্রহে আপনার ইসলাম সুদৃঢ় না হওয়া পর্যন্ত পরিবারের সদস্যদের থেকে এ সংবাদ গোপন রাখবেন, তবে মুসলিমদের মাঝে তা প্রকাশ করবেন।
সর্বোত্তম দু'আ কি?	(اهدنا الصراط المستقيم) (ইহদিনাস সিরাতাল মুসতাক্বীম) {সুরা- ফাতিহা}
সবচেয়ে সহজ যিকির কোনটি?	সবচেয়ে সহজ যিকির হচ্ছে “বিসমিল্লাহ” , যা মাসজিদে ও বাড়িতে প্রবেশ করার সময়, এখান থেকে বের হওয়ার সময়, কুরআন তেলাওয়াতের





প্রশ্ন:	উত্তর:
ইসলাম গ্রহণের পূর্বে আমি যে সকল গুনাহ করেছি তার হুকুম কি হবে?	সময়, বাথরুমে প্রবেশের পূর্বে, পোশাক খোলার পূর্বে, ওয়ুর পূর্বে, খাদ্য ও পানীয় গ্রহণের পূর্বে ইত্যাদি জায়গায় পড়া হয়। ইসলাম গ্রহণ পূর্বের সমস্ত গুনাহ কে মিটিয়ে দেয়, তবে বান্দার হকের সাথে সংশ্লিষ্ট বিষয়গুলি আদায় করা ওয়াজিব।
সাক্ষ্য প্রদানের পরে আমার করণীয় কি?	আপনার উপরে গোসল করা আবশ্যিক।
আমি গোসল করবো কেন?	প্রথমত: শারঈ কোন বিষয়ে একজন মুসলিমের কখনো “কেন” প্রশ্ন করা উচিত নয়, বরং সে সর্বদাই বলবে “আমরা গুনলাম ও আনুগত্য করলাম”। দ্বিতীয়ত: আপনার শরীরের ভিতরের অংশ যেমনিভাবে পরিকার করেছেন তেমনিভাবে বাহিরের অংশও পবিত্র করার জন্য আপনার উপরে গোসল আবশ্যিক।
ঠিক আছে, তবে আমি কিভাবে গোসল করবো?	প্রথমে অন্তরে গোসলের নিয়্যাত করবেন, অতঃপর বিসমিল্লাহ বলবেন এবং সমস্ত শরীর পানি দ্বারা ধৌত করবেন।
গোসলের পরে কি করবো?	যখন নামাজের সময় হবে তখন নামাজ পড়বেন।
আমার জন্য তো নামাজ আদায় করা কঠিন,	ইসলাম সহজ ধর্ম, কঠিন ধর্ম নয়, সুতরাং সমস্ত প্রশংসা ও অনুগ্রহ আল্লাহর জন্য, আপনি সাধ্যমত





প্রশ্ন:	উত্তর:
কেননা নামাজের অনেক কথা ও কাজ আছে যেগুলি আমি ভালোভাবে করতে পারি না।	আদায়ের চেষ্টা করবেন।
আমি কিভাবে নামাজ আদায় করবো?	আপনি আমার অনুসরণ করে নামাজ আদায় করতে পারেন, অথবা নামাজ শেখার জন্য বিভিন্ন ভিডিও দেখতে পারেন। আপনি এই পুস্তিকার শেষে মা'হাদুস সুন্নাহের বিভিন্ন চ্যানেলের লিংক পাবেন, যেখানে বিভিন্ন ভাষায় তৈরীকৃত এ সম্পর্কিত ভিডিও পাবেন, সেগুলিও দেখতে পারেন।
নামাজের পরে কি করবো?	ইসলামের মৌলিক পাঁচটি নীতিমালা সম্পর্কে জ্ঞানার্জন করবেন, অতঃপর ঈমানের রুকন সম্পর্কে জ্ঞানার্জন করবেন, এভাবে ঐ সকল বিষয়ে জ্ঞানার্জন সম্পন্ন করবেন যার মাধ্যমে আপনার ইসলাম ও ঈমান বিশুদ্ধ হয়।
ইসলাম সম্পর্কে জ্ঞানার্জনের জন্য আপনি আমাকে কোন কোন ওয়েবসাইটে প্রবেশের পরামর্শ দিবেন?	আমি আপনাকে কিবারুল ওলামাদের ওয়েবসাইট ও সৌদি আরবের বিভিন্ন দাওয়া সেন্টারের ওয়েবসাইটে প্রবেশের পরামর্শ দিচ্ছি।
আমি আমার অমুসলিম আত্মীয় স্বজনের সাথে কিরূপ আচরণ করবো?	নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অমুসলিমদের সাথে যেরূপ আচরণ করেছেন, আপনিও তাদের সাথে সেরূপ আচরণ করবেন, কেননা তিনি কথা কাজ ও আচার-আচরণ দ্বারা মানুষকে ইসলামের দিকে আহ্বান করেছেন।





প্রশ্ন:	উত্তর:
অনেকে আছে যারা ইসলাম গ্রহণ করতে চায় কিন্তু নিজ পরিবারকে ইসলাম গ্রহণ সম্পর্কে সংবাদ দিতে চায় না, তার হুকুম কি?	যে ব্যক্তি ইসলাম গ্রহণ করে তার জন্য অন্যকে তার ইসলাম গ্রহণের সংবাদ দেয়া আবশ্যিক নয়, বরং তার ইসলাম তার ও আল্লাহর মাঝের বিষয়।
ইসলাম ধর্মের সর্বোত্তম কিতাব কোনটি?	সর্বোত্তম কিতাব আল কুরআন, এটা আল্লাহর বাণী।
আল কুরআনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সূরা কোনটি?	সবচেয়ে গুরুত্বপূর্ণ সূরা হচ্ছে “ আল-ফাতেহা” , এইজন্য আমরা নামাজে প্রত্যেক রাকাতে এই সূরাটি পাঠ করি।
আল কুরআনের সবচেয়ে মহান/মর্যাদাপূর্ণ আয়াত কোনটি?	সবচেয়ে মর্যাদাপূর্ণ আয়াত হচ্ছে “আয়াতুল কুরসী”।
কিভাবে আমি কুরআন পড়া শিখবো?	কুরআন শিক্ষার বিভিন্ন পদ্ধতির মাধ্যমে এবং কুরআন তেলাওয়াত শোনার মাধ্যমে, যেমন: শায়েখ হুজাইফী, হুসারী প্রমুখের তেলাওয়াত শুনতে পারেন।
কিভাবে আমি কুরআন বুঝবো?	গ্রহণযোগ্য আলেমগণ কর্তৃক রচিত তাফসীর গ্রন্থ অধ্যয়নের মাধ্যমে।
কুরআনের তাফসীর কোথায় পাবো?	আমি আপনাকে মদীনা মুনাওয়ারার কুরআন ছাপাখানার ব্যাপারে পরামর্শ দিচ্ছি।
কুরআনের পরে আপনি	আমি আপনাকে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সহিহ হাদীস সমূহ পড়ার ব্যাপারে





প্রশ্ন:	উত্তর:
আমাকে কি পড়ার পরামর্শ দেন?	পরামর্শ দিচ্ছি।
নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীস সম্পর্কিত সবচেয়ে উত্তম কিতাব কোনটি?	হাদীসের সর্বোত্তম ও সবচেয়ে বিশুদ্ধ কিতাব হচ্ছে “সহিহ বুখারী” , এই কিতাবের বিশুদ্ধতার ব্যাপারে সকল ওলামায়ে কেরাম ঐক্যমত, আমি আপনাকে এই পুস্তিকার শেষে এই কিতাব ডাউনলোড করার লিংকের ব্যাপারে পরামর্শ দিচ্ছি।
সুন্নাতে নববীর সবচেয়ে গুরুত্বপূর্ণ হাদীস কোনটি?	সবচেয়ে গুরুত্বপূর্ণ হাদীস হচ্ছে “ হাদীসে জিবরীল” , কেননা এখানে দ্বীনের তিনটি স্তর: ইসলাম, ঈমান ও ইহসান সম্পর্কে বর্ণনা আছে।
আমি ভয় করছি যে, আমি ইসলাম সম্পর্কে জ্ঞানার্জন করতে সক্ষম হবো না!	আপনি ভয় পাবেন না, বরং আপনি আল্লাহর উপর তাওয়াক্কুল করুন, আল্লাহ আপনাকে সহযোগিতা করবেন। মানে রাখবেন, দ্বীন হচ্ছে সহজ, আল্লাহ তা'য়ালার যা ভালোবাসেন ও পছন্দ করেন তিনি আপনাকে সেই কাজ করার তাওফীক দিবেন ইনশাআল্লাহ। আপনি চাইলে আমাদের মা'হাদুস সুন্নাহের ফ্রি অনলাইন ক্লাসে সংযুক্ত হতে পারেন, যার লিংক এই পুস্তিকার শেষে দেয়া আছে। পরিশেষে আমি আপনাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একটি বাণীর প্রতি নাসীহাত করছি, তিনি বলেন: “ তোমার জন্য যেটা কল্যাণকর সেটা অর্জনে অগ্রসর হও, আল্লাহর নিকটে সাহায্য প্রার্থনা করো,অপারগতা প্রকাশ করবে না।”





মা'হাদুস সুন্নাহ এর বিভিন্ন লিংক:

টেলিগ্রাম লিংক:



ফেসবুক লিংক:



মা'হাদুস সুন্নাহ এর
ওয়েবসাইট:



হোয়াটসএ্যাপ লিংক:



কিতাব ডাউনলোড লিংক:



ইউটিউব লিংক:



ইউটিউব লিংক:

